১০ মাস পর পর্যটকদের জন্য খুলল সেন্টমার্টিন, জাহাজ চলাচল বন্ধ



ছবি: সংগৃহীত

দীর্ঘ ১০ মাস বন্ধ থাকার পর রোববার (১ নভেম্বর) থেকে পর্যটকদের জন্য খুলে দেওয়া হয়েছে দেশের একমাত্র প্রবাল দ্বীপ সেন্টমার্টিন। তবে ভ্রমণের অনুমতি মিললেও কক্সবাজার থেকে দ্বীপটিতে এখনো জাহাজ চলাচল শুরু হয়নি। প্রয়োজনীয় অনুমোদন ও আনুষঙ্গিক কাজ শেষ করে আগামী ৫ থেকে ৬ নভেম্বরের মধ্যে জাহাজ চলাচল শুরুর চেষ্টা করছেন সংশ্লিষ্ট ব্যক্তিরা।

সিদ্ধান্ত অনুযায়ী, ২০২৭ সালের ১৫ মার্চ পর্যন্ত প্রতিদিন সর্বোচ্চ সাড়ে তিন হাজার পর্যটক সেন্টমার্টিন ভ্রমণ করতে পারবেন। পর্যটকদের স্বাগত জানানোর প্রস্তুতি হিসেবে দ্বীপের হোটেল, মোটেল, রিসোর্ট ও রেস্টুরেন্টগুলোও সাজানো হয়েছে।

তবে পর্যটন মৌসুম শুরু হলেও জাহাজ চলাচলের অনুমোদন নিয়ে জটিলতা রয়ে গেছে। সংশ্লিষ্ট ব্যক্তিরা জানিয়েছেন, তিনটি জাহাজ পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র পেয়েছে। কিন্তু নৌপরিবহন অধিদপ্তরের ভয়েজ লাইসেন্স, বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষের (বিআইডব্লিউটিএ) রুট পারমিট এবং চলাচলের সময়সূচি এখনো চূড়ান্ত হয়নি।

এদিকে পর্যটকদের টিকিট বিক্রির জন্য ট্যুরিজম বোর্ডের সফটওয়্যারও চালু করা যায়নি। প্রয়োজনীয় এসব প্রক্রিয়া শেষ না হওয়ায় কক্সবাজার-সেন্টমার্টিন রুটে জাহাজ চলাচল শুরুর সময় এখনো নিশ্চিত নয়।

সংশ্লিষ্টদের আশা, সব অনুমোদন ও আনুষঙ্গিক কার্যক্রম শেষ হলে আগামী ৫ থেকে ৬ নভেম্বরের মধ্যে এ রুটে জাহাজ চলাচল শুরু করা যাবে।